দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 29 2008 ...
পৃষ্ঠা ১ কলাম ১

72

# আজ শেষ হবে একুশে বই মেলা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ আজ (মঙ্গলবার) বাংলা একাডেমীর একুশে বই মেলার শেষ দিন। গতকাল হরতাল চলাকালে মেলা নিষ্প্রাণ থাকলেও সন্ধ্যায় হরতাল শেষ হলে মেলায় প্রাণচাঞ্চল্য সৃষ্টি হয়। ক্রেতা-দর্শকদের ভিড়ে ধীরে ধীরে মেলা জমে ওঠে। প্রত্যেকটি স্টলের সামনেই ক্রেতাদের ভিড় জমতে দেখা যায়। বেচাকেনাও সন্তোষজনক হয়েছে বলে স্টল মালিকদের সাথে আলাপকালে জানা যায়। গতকাল পর্যন্ত ২৩ দিনে মেলায় প্রায় সাড়ে আটশ' নতুন বই এসেছে বলে জানা গেছে। গতকাল ১৪টি নতুন বই আসে। এবারের মেলায় বাংলা একাডেমী প্রকাশনা ৩৯টি নতুন বই বের করে। এছাড়া প্রীতি প্রকাশনী ১৬টি এবং সাহিত্য প্রকাশ ২১টি নতুন বই বের করে। মেলায় বাংলা একাডেমী কর্মকর্তাদের ২৬টি বই প্রকাশিত হয়েছে। তন্মধ্যে আছে ডঃ সৈয়দ আনোয়ার হোসেনের 'মুক্তিযুদ্ধের ইতিহাস চর্চা, তত্ত্ব ও পদ্ধতি' (অনুপম প্রকাশনী), গোলাম মঈনউদ্দিনের 'গ্রন্থ উন্নয়ন' (কাশবন প্রকাশনী), সেলিনা হোসেনের

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## বইমেলা

৮-এর পৃষ্ঠার পর

'লারা' (মাওলা ব্রাদার্স) এবং সরকার আমিনের 'নৈতিকতা ও শিল্পবিষয়ক তদন্ত ঃ সত্ত্বার সঙ্গে কথাবার্তা' (আগামী প্রকাশনী)। এছাড়াও বেরিয়েছে সানাউল্লাহ নূরীর প্রথম কবিতার বই 'আন্দোলিত জলপাই', কবি আসাদ বিন হাফিজের 'নতুন পৃথিবীর স্বপ্ন' ও 'আলোর পথে এসো', আবুল খায়ের মুসলেহ উদ্দীনের 'চিং পাহাড়ের হাতি' এবং দ্বীনুজ্জামান চৌধুরীর 'তোর প্রেম দেখে বিবমিষা হয়'। শ্রাবণ প্রকাশনী বের করেছে দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত কিশোর রাকিবুল হক ইবনের কবিতার বই 'অবিশ্বস্ত পৃথিবী আমার'। আজ মেলার শেষ দিনে প্রচুর লোক সমাগম ঘটবে বলে আশা করা হচ্ছে। গতকাল মেলামঞ্চে 'আমাদের প্রকাশনা ঃ লেখক, প্রকাশক ও বই' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।